কালের কণ্ঠ

১৯ মে, ২০২৪ ১৩:৫৫

# উত্তরা ইউনিভার্সিটিতে রিসার্চ অ্যান্ড পাবলিকেশন অ্যাওয়ার্ড অনুষ্ঠিত




গবেষণা ও প্রকাশনায় বিশেষ অবদানের জন্য উত্তরা ইউনিভার্সিটির ৪০ শিক্ষক ও ৮ শিক্ষার্থী পেয়েছেন "রিসার্চ এন্ড পাবলিকেশন অ্যাওয়ার্ড-২০২৩"। অনুষ্ঠানে প্রধান অতিথি উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) পূর্ণকালীন সদস্য অধ্যাপক ড. বিশ্বজিৎ চন্দ, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মো: ওমর ফারুখ, পরিচালক, বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)।

গতকাল শনিবার দুপুর ৩.০০ টায় ইউনিভার্সিটির স্থায়ী ক্যাম্পাসের মাল্টিপারপাস হলে সেন্টার ফর রিসার্চ এন্ড ট্রেনিং (সিআরটি)-এ অ্যাওয়ার্ড অনুষ্ঠানের আয়োজন করে। এ সময় বিভিন্ন অনুষদের শীর্ষ ৪০ জন শিক্ষক ও ৮ জন শিক্ষার্থীকে রিসার্চ এন্ড পাবলিকেশন অ্যাওয়ার্ড ২০২৩ প্রদান করা হয়।

ওয়েব অব সায়েন্স, স্কোপাস ইনডেক্স জার্নাল, ইউ ইউ জার্নালসহ জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের জার্নালে তাদের গবেষণাপত্র প্রকাশিত হওয়ায় সম্মান স্বরুপ এ অ্যাওয়ার্ড দেওয়া হয়।

"রিসার্চ অ্যান্ড পাবলিকেশন অ্যাওয়ার্ড-২০২৩" অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. ইয়াসমীন আরা লেখা। "রিসার্চ অ্যান্ড পাবলিকেশন অ্যাওয়ার্ড-২০২৩" স্বাগত বক্তব্য প্রদান করেন উত্তরা ইউনিভার্সিটির স্কুল অব সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিংয়ের ডিন ও সেন্টার ফর রিসার্চ এন্ড ট্রেনিং (সিআরটি) এর পরিচালক অধ্যাপক ড. মো: মিজানুর রহমান।

এ সময় আরো উপস্থিত ছিলেন জনাব আবিদ আজিজ, পরিচালক, ফিনটেক রিচার্জ গ্রুপ, অধ্যাপক ড. গৌর গোবিন্দ গোস্বামী, উপ-উপাচার্য , উত্তরা ইউনিভার্সিটি, রেজিস্ট্রার, সকল ডিন, চেয়ারম্যান, অধ্যাপক, সহযোগী অধ্যাপকসহ অন্যান্য শিক্ষকরা।